

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২৯৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৬১. পদব্রজে ঈদগাহে যাওয়া।

بَابِ مَا جَاءَ فِي الْخُرُوجِ إِلَى الْعِيدِ مَاشِيًا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، أَنْبَأَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ الْعُمَرِيُّ، عَنْ أَبِيهِ، وَعُبَيْدُ اللَّهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَخْرُجُ إِلَى الْعَيدِ مَاشِيًا وَيَرْجِعُ مَاشِيًا .

বাংলা

২/১২৯৫। ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পদব্রজেই ঈদগাহে যেতেন এবং পদব্রজেই ফিরে আসতেন।

English

It was narrated that Ibn 'Umar said:

"The Messenger of Allah (ﷺ) used to go out to the 'Eid prayers walking, and come back walking."

ফুটনোট

তাহকীক আলবানী: হাসান। উক্ত হাদিসের রাবী আব্দুর রহমান বিন আবদুল্লাহ আল উমারী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি একাধিক মুনকার হাদিস বর্ণনা করেছেন, তিনি মিথ্যুক। ইমাম বুখারী তার ব্যপারে চুপ থেকেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি মিথ্যুক তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন